দৈনিক সংবাদ

136

তারিখ 05 AUG 1992

১৩৪

ঢাকা বিশ্ববিদ্যালয়

# ১০ দফা দাবিতে ছাত্র ঐক্যের উপাচার্যের কার্যালয় ঘেরাও

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

হল ও ক্যাম্পাস থেকে দল নিরপেক্ষ-ভাবে অবৈধ অস্ত্রধারীদের বহিষ্কার, মেধার ভিত্তিতে সীট বন্টন, ডাইনিং ক্যান্টিনে সাবসিডি বাড়ানো, খন্ডকালীন ও বিকল্প কর্মসংস্থানের ব্যবস্থা গ্রহণসহ দশদফা দাবিতে গণতান্ত্রিক ছাত্রঐক্য ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা গতকাল মঙ্গল-বার ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের কার্যালয় ঘেরাও করে এবং উপ-উপাচার্যের নিকট স্মারকলিপি দেয়।

উপাচার্যের কার্যালয় ঘেরাওকালে আয়োজিত সমাবেশে স্মারকলিপি পাঠ করেন ছাত্রলীগ ( মো-বি) নেতা ওবায়দুর রহমান চুন্নু। ছাত্র ইউনিয়ন নেতা আসলাম খানের পরিচালনায় অনুষ্ঠিত সমাবেশে বক্তৃতা করেন ছাত্র ফেডারেশন নেতা সঞ্জয় চাকমা, ছাত্রলীগ (সা-শ) নেতা মুজিবর রহমান, গণতান্ত্রিক ছাত্র ইউনিয়ন নেতা রফিকুল ইসলাম কাজল। বক্তারা বলেন, জাতীয়তাবাদী ছাত্রদল এবং ছাত্রলীগ (ম-ই) ঢাকা বিশ্ববিদ্যালয়কে নিজেদের মধ্যে ভাগ করে নিয়েছে। এই দুটি ছাত্রসংগঠনের অব্যাহত সন্ত্রাসে আজ ঢাকা বিশ্ববিদ্যালয়ে পড়াশুনার কোন পরিবেশ নেই। বক্তারা আরও বলেন, আগামী দু'সপ্তাহের মধ্যে ছাত্রঐক্যের দশদফা দাবি মেনে না নেয়া হলে বৃহত্তর আন্দোলনের কর্মসূচী দেয়া হবে।